

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়  
ধুনট, বগুড়া।

স্মারক নং-৪৪.০৩.৭২৮০.০০০.০০.০০১.২৪-১৪৭

তারিখ : ২২/০৪/২০২৪ খ্রিঃ।

প্রতি : প্রশাসন শাখা,  
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী  
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

মাধ্যম : যথাযথ কর্তৃপক্ষ।

বিষয় : জনাব মোঃ তারিকুল ইসলাম এর উচ্চতর গ্রেড প্রাপ্তির আবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জনাব মোঃ তারিকুল ইসলাম, উপজেলা আনসার ও ভিডিপি প্রশিক্ষক, ধুনট, বগুড়া। তিনি গত ০৫/০৩/২০১৪ খ্রিঃ তারিখে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীতে উপজেলা/থানা আনসার ও ভিডিপি প্রশিক্ষক হিসেবে যোগদান করেন। বর্তমানে তার চাকুরীর বয়স ১০ বছর ০১ মাস ১৭ দিন (আবেদনের তারিখে)। জাতীয় বেতনস্কেল ২০১৫ মোতাবেক কোন কর্মচারী পদন্নতি ব্যতিরেকে একই পদে ১০ বছর কর্মকাল অতিবাহিত করেন তাহলে তিনি পরবর্তী উচ্চতর গ্রেড প্রাপ্য হবেন। সে অনুযায়ী তিনি উচ্চতর গ্রেড প্রাপ্তির যোগ্যতা অর্জন করেছেন মর্মে অত্র দপ্তরে উচ্চতর গ্রেড প্রাপ্তির আবেদন দাখিল করেছেন। তার আবেদন পত্র খানা সুপারিশ সহকারে পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

(স্বাক্ষরিত)

(মোঃ কামরুল ইসলাম)

পরিচিতি নম্বর-বিএভি ২১০০০৮০০  
উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা  
ধুনট, বগুড়া।

বরাবর,

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা  
ধুনট, বগুড়া।

বিষয় : উচ্চতর গ্রেড প্রাপ্তির আবেদন প্রসঙ্গে।

মাধ্যম : যথাযথ কর্তৃপক্ষ।

জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি জনাব মোঃ তারিকুল ইসলাম, উপজেলা আনসার ও ভিডিপি প্রশিক্ষক, ধুনট, বগুড়া। আমি গত ০৫/০৩/২০১৪ খ্রিঃ তারিখে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীতে উপজেলা /থানা আনসার ও ভিডিপি প্রশিক্ষক হিসেবে যোগদান করেন। বর্তমানে আমার চাকুরীর বয়স ১০ বছর ০১ মাস ১৭ দিন (আবেদনের তারিখে)। জাতীয় বেতনস্কেল ২০১৫ মোতাবেক যদি কোন কর্মচারী পদন্নতি ব্যতিরেকে একই পদে ১০ বছর কর্মকাল অতিবাহিত করেন তাহলে তিনি পরবর্তী উচ্চতর গ্রেড প্রাপ্য হবেন। জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী আমার উচ্চতর গ্রেড প্রাপ্তির নির্ধারিত সময় অতিক্রম করেছে।

অতএব, মহোদয়ের নিকট আকুল আবেদন উরোক্ত বিষয়ে সু-বিবেচনা করে নিম্নস্বাক্ষরকারী কর্মচারীর উচ্চতর গ্রেড প্রাপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে আপনার সদয় মর্জি হয়।

(স্বাক্ষরিত)

(মোঃ তারিকুল ইসলাম)

পরিচিতি নম্বর-বিএভি ৩১০০০১৬১৩  
উপজেলা আনসার ও ভিডিপি প্রশিক্ষক  
ধুনট, বগুড়া।